গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৪.০৯৯.০০৩.২৩.১২৬

তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় “বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও এর আওতাধীন শিক্ষক-কর্মচারী এবং সরকারি ও বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২৫)” এর আলোকে নিম্নোক্ত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে (নীতিমালা www.shed.gov.bd তে পাওয়া যাবে)।

(ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও ভুক্ত ও নন এম.পি.ও. ভুক্ত) মেরামত ও সংস্কার, আসবাবপত্র সংগ্রহ, পাঠাগার স্থাপন, খেলাধুলার সরঞ্জাম সংগ্রহ, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধিবান্ধব করার লক্ষ্যে অনুদান প্রাপ্তির জন্য আবেদন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান অথচ লেখাপড়ার মান ভালো এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;

(খ) বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও ভুক্ত ও নন এম.পি.ও. ভুক্ত) শিক্ষক কর্মচারীগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য অনুদানের আবেদন করতে পারবেন;

(গ) সরকারি ও বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। এ অনুদান প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী, অনগ্রসর সম্প্রদায়, অনগ্রসর এলাকার ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(ঘ) শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান প্রাপ্তির জন্য স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক আবেদন করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রী ক্যাটাগরিতে অনুদান প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে এবং স্নাতক/সমমান ও স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/রেজিস্ট্রার এর মাধ্যমে আবেদন করতে হবে;

(ঙ) আবেদন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/রেজিস্ট্রার কর্তৃক মাইগভ প্লাটফর্মে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রদত্ত মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রতিষ্ঠান প্রধান/রেজিস্ট্রার এর প্রোফাইল থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর দিয়ে প্রোফাইল ভেরিফাই/যাচাই করতে হবে। প্রোফাইল সম্পন্ন করার পর মাইগভ এর হোম পেইজ (https://www.mygov.bd) এ ‘শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষক-কর্মচারী/শিক্ষার্থীদের আর্থিক অনুদান’ অংশে ক্লিক করলে সেবার তালিকা পাওয়া যাবে। সেবার তালিকা থেকে সেবা বাছাই করে প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণপূর্বক প্রতিষ্ঠান প্রধান/রেজিস্ট্রার এর মাধ্যমে আবেদন করতে হবে;

(চ) ১৫ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ১৭ মার্চ ২০২৬ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। প্রাপ্ত আবেদনসমূহ জেলা পর্যায়ে গঠিত কমিটি যাচাই-বাছাই করে ১৮ মার্চ ২০২৬ থেকে ১৭ এপ্রিল ২০২৬ (বিকাল ৫ ঘটিকা অফিস চলাকালীন সময়) এর মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করবে;

(ছ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে অনুদানের প্রয়োজনীয়তার বিষয়ে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/ এডহক কমিটি এর সভাপতি কর্তৃক প্রদত্ত এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিপাদিত প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

(জ) শিক্ষক-কর্মচারী ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের নম্বর প্রদানসহ জাতীয় পরিচয়পত্রের কপি, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে সরকারি হাসপাতালের চিকিৎসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন ও চিকিৎসা সংক্রান্ত সনদ অবশ্যই সংযুক্ত করতে হবে;

(ঝ) আবেদনের সাথে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (সাধারণ) পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং স্নাতক/সমমান ও স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

(ঞ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে ব্যাংক হিসাবের তথ্য যথাযথভাবে পূরণ করে উক্ত হিসাবের প্রমাণক হিসেবে MICR চেক বই এর ১টি চেক পাতার PDF কপি সংযুক্ত করতে হবে; (ব্যাংক হিসাব অনলাইন না হলে এবং MICR চেক বই এর ১টি চেক পাতা আবেদনের সময় সংযুক্ত করা না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে);

(ট) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং (আবেদন ফরমে উল্লেখিত) এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইনে আবেদনকালে রেজিস্ট্রেশনকৃত (KYC আপডেটসহ) ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদান করতে হবে। এজেন্ট নম্বর বা মার্চেন্ট নম্বর গ্রহণযোগ্য নয়;

(ঠ) শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষক-কর্মচারী একবার এ সুবিধা ভোগ করতে পারবেন। ইতোপূর্বে এ খাতের আওতায় সুবিধা প্রাপ্ত হলে পুনরায় আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে না;

(ড) ছাত্র/ছাত্রী ক্যাটাগরিতে একজন শিক্ষার্থী তার শিক্ষা জীবনে ০৩ (তিন) বছর পরপর আবেদন করতে পারবে;

(ঢ) প্রতিবন্ধীতার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত 'প্রতিবন্ধী সনদ' ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সরকারি হাসপাতালের চিকিৎসক কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে;

(ণ) অসম্পূর্ণ আবেদন বা আবেদনের হার্ডকপি গ্রহণযোগ্য নয়;

(ত) বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের শর্তাবলী অমান্যকারী/অসুদপায় অবলম্বনকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২৫/০২/২০২৫

(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব
ফোন: ৯৫১২২০৫
moebudgetsection@gmail.com

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৪.০৯৯.০০৩.২৩.১২৬

তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (বিজ্ঞপ্তিটি সকল জেলা ও উপজেলা শিক্ষা অফিসে প্রচারের অনুরোধসহ)।

২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।

৪. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।

৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৬. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।

৭. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।

৮. জেলা প্রশাসক............... (সকল)।

৯. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

১০. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

১১. উপজেলা নির্বাহী অফিসার............. (সকল)।

(২–১১: বিজ্ঞপ্তিটি নিজস্ব ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপসচিব (সিনিয়র কনসালটেন্ট), মাইগভ, এসপায়ার টু ইনোভেট (এটুআই), ঢাকা।

২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সিস্টেম অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. যুগ্মসচিব (বাজেট অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. অফিস কপি/ সংরক্ষণ কপি।

১৫/০১/২০২৬

(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৪.০৯৯.০০৩.২৩.১২৬

তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (বিজ্ঞপ্তিটি সকল জেলা ও উপজেলা শিক্ষা অফিসে প্রচারের অনুরোধসহ)।
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
৭. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৮. জেলা প্রশাসক............... (সকল)।
৯. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১১. উপজেলা নির্বাহী অফিসার............. (সকল)।

বিজ্ঞপ্তিটি নিজস্ব ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
http://seo.rajshahi.gov.bd

স্মারক নং: ১১২৮-৪/ জে:প্র:(৭)

তারিখ: ১৮/০২/২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০১-০৮। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/বগুড়া/পাবনা/সিরাজগঞ্জ/জয়পুরহাট (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (প্রয়োজনে নিম্ন ঠিকানায় যোগাযোগ যেতে পারে ১। জনাব লিউজা-উল-জান্নাহ ( উপ-সচিব (বাজেট), শিক্ষামন্ত্রণালয়, ঢাকা, মোবাইল নম্বর (০১৭৫৮৩২১৯৬৮) এবং ২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (বাজেট) মাউশি, ঢাকা, মোবাইল নম্বর (০১৫১১-১৬১১২৪)।

০৯। সংরক্ষন নথি।

(মোহাঃ আমিনুর রশিদ)
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
www.deo.rajshahi.gov.bd

স্মারক নং : জেশিঅ/রাজ/২৫০ (১১) তারিখঃ ২১/০২/২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা/বাগমারা/চারঘাট/দূর্গাপুর/গোদাগাড়ী/মোহনপুর/পবা/পুঠিয়া/তানোর/বোয়ালিয়া/মতিহার, রাজশাহী।

২০২৫-২৬ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় "বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও এর আওতাধীন শিক্ষক-কর্মচারী এবং সরকারি ও বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২৫)" এর আলোকে সংযুক্ত পত্রের শর্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে (নীতিমালা www.shed.gov.bd তে পাওয়া যাবে)। এমতাবস্থায়, আপনার আওতাধীন উপজেলা/থানার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ-কে সংযুক্ত পত্রের নির্দেশনাসমূহ অবহিতকরণসহ কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। অফিস নথি।

২১/০২/২৬

(মোঃ জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩
ইমেইল : deorajshahi@yahoo.com

# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের
# আর্থিক অনুদান সংক্রান্ত সেবার আবেদন প্রক্রিয়া

| ধাপ | রেজিস্ট্রেশন প্রক্রিয়া | শিক্ষক প্রোফাইল প্রস্তুত প্রক্রিয়া | আবেদন প্রক্রিয়া |
| --- | --- | --- | --- |
| ধাপ-০১ | https://www.mygov.bd ওয়েবসাইটে প্রবেশ করে রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করুন | https://www.mygov.bd ওয়েবসাইটে প্রবেশ করে নাগরিক লগ-ইন বাটনে ক্লিক করুন | https://www.mygov.bd ওয়েবসাইটে প্রবেশ করে নাগরিক লগ-ইন বাটনে ক্লিক করুন |
| ধাপ-০২ | ব্যানবেইজ জরিপ-২০২৫ অনুযায়ী আপনার নাম ও মোবাইল নম্বর ইংরেজিতে লিখুন এবং রেজিস্ট্রেশন করুন বাটনে ক্লিক করুন। | মোবাইল নম্বর (ব্যানবেইজ জরিপ-২০২৫ অনুযায়ী) এবং পার্স-ওয়ার্ড টাইপ করার পর লগ-ইন বাটনে ক্লিক করুন। | মোবাইল নম্বর (ব্যানবেইজ জরিপ-২০২৫ অনুযায়ী) এবং পার্স-ওয়ার্ড টাইপ করার পর লগ-ইন বাটনে ক্লিক করুন। |
| ধাপ-০৩ | আপনার প্রদত্ত মোবাইল নম্বরে প্রেরিত ৬ সংখ্যার OTP কোডটি লিখুন এবং সাবমিট করুন বাটনে ক্লিক করুন। | স্ক্রিনের উপরে ডান পাশে আপনার নামের উপর ক্লিক করুন। এরপর প্রোফাইল অপশনে ক্লিক করুন। | শিক্ষা প্রতিষ্ঠান/ শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীদের আর্থিক অনুদান ট্যাব থেকে কাংখিত সেবা অনুসন্ধান করুন |
| ধাপ-০৪ | কমপক্ষে ৬ ডিজিট ব্যবহার করে নতুন পাসওয়ার্ড সেট করে পাসওয়ার্ড হালনাগাদ করুন বাটনে ক্লিক করুন | ‘প্রোফাইল’ পেইজে ছবি, স্বাক্ষর আপলোডসহ অন্যান্য তথ্য পুরন করুন এবং হালনাগাদ করুন বাটনে ক্লিক করুন | সেবা সংশ্লিষ্ট তথ্য (প্রয়োজনীয় কাগজপত্র) ও আবেদন ফরম পূরণের নিয়মাবলী ভালোভাবে পড়ে আবেদন করুন বাটনে ক্লিক করুন |
| ধাপ-০৫ | নতুন পাসওয়ার্ড সেট হয়ে গেলে লগইন করুন বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করুন | প্রোফাইলের বাম পাশে শিক্ষক প্রোফাইল যাচাইকরণ বাটনে ক্লিক করুন | প্রাপক অফিস নির্বাচন করুন, সঠিক তথ্য দিয়ে ফরমের সকল ফিল্ড পূরণ করুন এবং প্রয়োজনীয় সংযুক্তি আপলোড করুন |
| ধাপ-০৬ | | মোবাইল নম্বরের নিচে ইআইআইএন নম্বর ইংরেজি লিখে দাখিল করুন বাটনে ক্লিক করলে শিক্ষক প্রোফাইল সম্পন্ন হবে | আবেদনের প্রিভিউ দেখে সকল তথ্য ও সংযুক্তি সঠিক থাকলে আবেদন দাখিল করুন বাটনে ক্লিক করুন |

# <u>সংযুক্তি</u>

"বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও এর আওতাধীন শিক্ষক-কর্মচারী এবং সরকারি ও বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২৪)" অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থবছরে "শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ অনুদান" খাতে বরাদ্দকৃত অর্থের বিভাজন নিম্নরূপ:

- মোট বরাদ্দ ১০,০০,০০,০০০.০০ (দশ কোটি) টাকা
- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ২০% হিসেবে প্রাপ্য ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা।
- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ১০% হিসেবে প্রাপ্য ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা।
- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ৭০% হিসেবে প্রাপ্য ৭,০০,০০,০০০/-(সাত কোটি) টাকা।

## ছক-ক

- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ২০% হিসেবে প্রাপ্য ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকার বিভাজন

| প্রতিষ্ঠানের ধরণ | % হিসেবে টাকার পরিমান | একক প্রতিষ্ঠান হিসেবে টাকার পরিমান | প্রাপ্য প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|---|
| নিম্নমাধ্যমিক বিদ্যালয় ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ২,০০,০০,০০০ এর ১০%=২০,০০,০০০ | ১,০০,০০০/- | ২০,০০,০০০ ÷১,০০,০০০/- =২০টি |
| মাধ্যমিক বিদ্যালয় ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ২,০০,০০,০০০ এর ৭০%=১,৪০,০০,০০০ | ১,০০,০০০/- | ১,৪০,০০,০০০÷১,০০,০০০/ - =১৪০টি |
| বেসরকারি স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ এবং ডিগ্রি কলেজ | ২,০০,০০,০০০ এর ২০%=৪০,০০,০০০ | ১,০০,০০০/- | ৪০,০০,০০০÷১,০০,০০০/- =৪০টি |
| মোট | | | ২০০টি |

## ছক-খ

- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জন্য বরাদ্দকৃত ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার বিভাজন

| জন প্রতি হিসেবে টাকার পরিমান | প্রাপ্য শিক্ষক-কর্মচারীদের সংখ্যা |
|---|---|
| ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা | ১,০০,০০,০০০÷৩০,০০০= ৩৩৩.৩৩ জন |

## ছক-গ

- ছাত্র-ছাত্রীদের জন্য বরাদ্দকৃত ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকার ক্যাটাগরিভিত্তিক উপবিভাজন:

| ক্রমিক | ছাত্র-ছাত্রীদের ক্যাটাগরি | % হিসেবে টাকার পরিমান | বরাদ্দ (টাকায়) | একক ছাত্র/ছাত্রী হিসেবে টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ০১ | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত ছাত্র/ছাত্রী | ৭,০০,০০,০০০ এর ৩৫%= ২,৪৫,০০,০০০ | ৮,০০০/- | ২,৪৫,০০,০০০÷৮০০০= ৩০৬২.৫ জন |
| ০২ | ৯ম থেকে ১০ম শ্রেণির ছাত্র/ছাত্রী | ৭,০০,০০,০০০ এর ২৫%= ১,৭৫,০০,০০০ | ৮,০০০/- | ১,৭৫,০০,০০০÷৮০০০= ২১৮৭.৫ জন |
| ০৩ | একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্র/ছাত্রী | ৭,০০,০০,০০০ এর ২০%= ১,৪০,০০,০০০ | ৯,০০০/- | ১,৪০,০০,০০০÷৯০০০= ১৫৫৫.৫ জন |
| ০৪ | স্নাতক ও তদুর্দ্ধ | ৭,০০,০০,০০০ এর ২০%= ১,৪০,০০,০০০ | ১০,০০০/- | ১,৪০,০০,০০০÷১০০০০= ১৪০০ জন |
| মোট | | | | ৮২০৪ জন |

ছক-ঘ

| ক্যাটাগরির নাম | মোট প্রাপ্যতার সংখ্যা | জেলা কমিটি কর্তৃক সুপারিশের জন্য নির্ধারিত সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কমিটি কর্তৃক সুপারিশের জন্য নির্ধারিত সংখ্যা |
|---|---|---|---|
| **শিক্ষা প্রতিষ্ঠান** | ২০০ টি | ৬৪×৩ = ১৯২টি | ২০০-১৯২=০৮টি |
| **শিক্ষক-কর্মচারী** | ৩৩৩.৩৩ জন | ৬৪×৫ = ৩২০ জন | (৩৩৩-৩২০)= ১৩ জন |
| **ছাত্র-ছাত্রী** | | | |
| ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি | ৩০৬২.৫ জন | ৬০৫×৫ = ৩০২৫ জন | (৩০৬২-৩০২৫)=৩৭ জন |
| ৯ম থেকে ১০ম শ্রেণি | ২১৮৭.৫ জন | ৬০৫×৩ = ১৮১৫ জন | (২১৮৭-১৮১৫)=৩৭২ জন |
| একাদশ ও দ্বাদশ শ্রেণি | ১৫৫৫.৫ জন | ৬০৫×২ = ১২১০ জন | (১৫৫৫-১২১০)=৩৪৫ জন |
| স্নাতক ও তদুর্দ্ধ | ১৪০০ জন | ৬০৫×২ = ১২১০ জন | (১৪০০-১২১০)=১৯০ জন<br>অবশিষ্ট ১৯০টি আবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কমিটি কর্তৃক সুপারিশকৃত হতে হবে (স্নাতক ও তদুর্দ্ধ পর্যায়ের আবেদনসমূহ যাচাইয়ের ক্ষেত্রে আবেদনকারীগণকে নিজ উপজেলা ওয়ারী বিভাজন করতে হবে। অত:পর প্রাপ্ত বাজেট অনুযায়ী ৬০৫ টি উপজেলা/থানা (৪৯৫ টি উপজেলা ও ১১০টি মেট্রোপলিটন থানা) প্রত্যেকটিতে ২ জন করে অনুদান দেয়া হবে। কোনো উপজেলা থেকে আবেদন পাওয়া না গেলে উক্ত অনুদানের অংশ বেশী সংখ্যক আবেদন করেছে এমন উপজেলার মধ্যে বিতরণ করা হবে।) |
| ছাত্র-ছাত্রী ক্যাটাগরিতে মোট প্রাপ্যতার সংখ্যা: | ৮২০৪ জন | ৭২৬০ জন | ৯৪৪ জন |
| সর্বমোট= | ৮৭৩৭ জন | ৭৭৭২ জন | ৯৬৫ জন |